সমকাল

তারিখ 06 OCT 2015
পৃষ্ঠা ৪ কলাম ৫

# বিশ্ব শিক্ষক দিবস অ্যাওয়ার্ড পেলেন ঢাবি উপাচার্য

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

দেশের শিক্ষা ও গবেষণা উন্নয়নে বিশেষ অবদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিককে 'বিশ্ব শিক্ষক দিবস অ্যাওয়ার্ড-২০১৫' দেওয়া হয়েছে। গতকাল সোমবার ঢাবির ছাত্র-শিক্ষক কেন্দ্র টিএসসি মিলনায়তনে এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ উপাচার্যের হাতে পুরস্কার তুলে দেন। বিশ্ব শিক্ষক দিবস-২০১৫ জাতীয় উদযাপন কমিটি এই অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষক-কর্মচারী জাতীয় ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যাপক কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে গ্লোবাল ক্যাম্পেইন ফর অ্যাডুকেশনের সহসভাপতি রাশেদা কে. চৌধুরী এবং ইউনেস্কো বাংলাদেশের অফিসার ইনচার্জ কিচি ওয়্যায়েসু বিশেষ অতিথি ছিলেন।

উল্লেখ্য, দেশের আরও ৭ বিশিষ্ট শিক্ষাবিদ বিশ্ব শিক্ষক দিবস অ্যাওয়ার্ড-২০১৫ লাভ করেছেন।

# বিশ্ব শিক্ষক দিবস পালিত

■ সমকাল প্রতিবেদক ও বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বর্ণাঢ্য কর্মসূচির মাধ্যমে গতকাল সোমবার পালিত হয়ে গেল 'বিশ্ব শিক্ষক দিবস'। ১৯৯৪ সালে জাতিসংঘ এ দিনটিকে শিক্ষক দিবস হিসেবে ঘোষণা করে। এর পর থেকেই বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি পালিত হচ্ছে। দিবসটির এ বছরের মূল ধ্বনি ছিল 'টেকসই সমাজ গঠন, শিক্ষকদের ক্ষমতায়ন'।

দিবসটি পালন উপলক্ষে 'বিশ্ব শিক্ষক দিবস জাতীয় উদযাপন পরিষদ' বেলা ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে র‍্যালি বের করে। র‍্যালিতে শিক্ষক সংগঠন, ঢাকা মহানগরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থী, শিক্ষা উন্নয়নে নিয়োজিত জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন।